

১৬/১/০৭  
৪৪

## পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম উদ্বোধন

### শিক্ষার সুফল ঘরে ঘরে

### পৌছে দিতে হবে ॥

#### রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ দেশে দক্ষ জনসম্পদ সৃষ্টি এবং শিক্ষার সুফল ঘরে ঘরে পৌছে দিতে দলমত নির্বিশেষে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

তিনি বুধবার প্রধান উপদেষ্টার কার্যালয়ের আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রাথমিক, ইবতেদায়ী ও মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ববর বাসসর।

রাষ্ট্রপতি শিক্ষকদের মানস গড়ার কারিগর উল্লেখ করে দেশের বৃহত্তর জনগোষ্ঠীকে জনসম্পদে পরিণত করতে তাঁদের আরও দায়িত্বশীল ভূমিকা পালন করারও আহ্বান জানান।

তিনি শিক্ষার্থীদের দেশ ও জাতির আগামী দিনের কর্তব্য উল্লেখ করে ডবিঘাটে দেশের শুক্রনাথিত্ব পালনে যোগ্য নাগিরক হিসাবে গড়ে ওঠার আহ্বান জানান। তিনি বলেন, এ জন্য শিক্ষার্থীদের সময়কালীন জ্ঞান-বিজ্ঞান চর্চার পাশাপাশি সুকুমারবৃত্তি পরিচর্যায় আন্তরিক হতে হবে। তিনি শিক্ষার্থীদের দেশপ্রেমের মস্ত্রে উজ্জীবিত হয়ে দেশ ও জনগণের কল্যাণে কাজ করার মানসিকতা অর্জনেরও আহ্বান জানান।

তিনি শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, আপনাদের মাধ্যমে দেশে দক্ষ জনসম্পদ সৃষ্টি হয়। দেশে প্রতিটি অঞ্চলে ছড়িয়ে থাকা অসংখ্য মেধাবী মূখ পর্যায়ক্রমে শিক্ষকদের হাতের হৌমায় উঠে এসে দক্ষ মানবসম্পদে পরিণত হয়ে একদিন অবদান রাখে।

রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা ভাষণের পর পরই ২০০৭ শিক্ষাবর্ষের প্রাথমিক ও ইবতেদায়ী স্তরের পাঠ্যপুস্তক কয়েকজন শিক্ষার্থীর হাতে তুলে দিয়ে পুস্তক বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা উপদেষ্টা ইয়াসমিন মুরশেদ, মন্ত্রণালয়ের সচিব এবং টেক্সট বোর্ডের চেয়ারম্যান বক্তৃতা করেন। এ ছাড়া উদ্বোধনায় সরকারের অন্যান্য উপদেষ্টা, রাষ্ট্রপতির উপদেষ্টা, মুখ্য সচিব, সচিব, সাময়িক-বেসাময়িক উর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।